জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২৪-২০২৫/ ২২৯ তারিখঃ ১৭/০৯/২৪ ইং

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ২২/০৯/২০২৪ তারিখ রোজঃ রবিবার সময় বেলা ১২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচী ঃ**

১। গত সভার কার্য বিবরণী পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।
২। পৌরসভা অফিসে আগত নারীদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান প্রসঙ্গে।
৩। নারী শিক্ষার অগ্রগতির জন্য বিভিন্ন কর্মকান্ড গ্রহণ করা প্রসঙ্গে।
৪। বিবিধ।

( পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.............................................................

.............................................................

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।
## নারী উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতি ঃ জনাব পাপিয়া, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন
সভার তারিখ ঃ ২২/০৯/২০২৪ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা
রোজ ঃ রবিবার।

***উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ***

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | সরকার মোহাম্মদ রায়হান | প্রশাসক. জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ মুন্নজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃ পৌঃ সঃ | সভাপতি | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য সূচী ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

সভায় জনাব মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে পাঠ করে শুনান এবং কোনরুপ সংশোধনী ছাড়াই ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে আজকের সভার আলোচ্য বিষয় অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আহবান জানান।

**আলোচ্য সূচীঃ ০২। পৌর এলাকার বাজার সমূহে নারী ব্যবসায়ীদের সুযোগ সুবিধা বৃদ্ধি করণ প্রসঙ্গে।**

সভায় সভাপতি মহোদয় বলেন, জয়পুরহাট পৌরসভার মাছুয়া বাজার, নতুনহাট ও পূর্ব বাজার এলাকায় যে সকল মহিলা ক্ষুদ্র ব্যবসায়ী হিসাবে খোলা জায়গায় বসিয়া বিভিন্ন ধরনের সবজী, ডালমসল্লা ইত্যাদি ব্যবসা করিয়া আসিতেছেন, তাহাদের জন্য প্রতিটি বাজারে সুনির্দিষ্ট স্থান নির্বাচন করা প্রয়োজন। কমিটির অন্যতম সদস্য মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা বলেন, ব্যবসায়িক সুবিধাদি বৃদ্ধি ও নিরাপত্তা বিধান করা গেলে পরবর্তীতে আরো অনেক নারী এ ধরণের ব্যবসায় আগ্রহী ও অনুপ্রানিত হবেন। এর মাধ্যমে নারীদের মধ্যে স্বাবলম্বী হওয়ার একটি পথ তৈরী হবে বলে তিনি সভাকে অবহিত করেন । বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** অত্রাফিসের সমাজ উন্নয়ন কর্মকর্তা অত্র পৌর এলাকাধীন বাজার সমূহ পরিদর্শন করে সেড ছাড়া খোলা জায়গায় ব্যবসারত মহিলা ব্যবসায়ীদের নামের তালিকা সভাপতি মহোদয়ের নিকট দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচীঃ ০৩। সকল কাজে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন, আমাদের দেশে নারীদের এখন সকল কাজে সম্পৃক্ত করার প্রবনতা পূর্বে তুলানায় অনেক বেশী বৃদ্ধি পেয়েছে। নারীরা উচ্চ শিক্ষিত হয়ে এখন বিভিন্ন পদ যেমন প্রকৌশলী, তত্ত্বাবধায়ক, পৌর কর নির্ধারক, আদায়কারী, সমাজ উন্নয়ন কর্মকর্তা বা মেডিকেল অফিসার পদে নারীরা নিয়োগ পেয়ে সাফল্যের সাথে তাদের কর্তব্য পালন করতে পারে। কমিটির সম্মানিত সদস্য জনাব মোছাঃ মুন্নুজান বলেন, দারিদ্র বিমোচন কল্পে অত্র পৌর এলাকায় প্রচুর দরিদ্র অবহেলিত নারী রয়েছে যাদেরকে সকল ভৌত অবকাঠামো নির্মান কাজে মহিলা শ্রমিক পদে নিয়োগ দেয়া যেতে পারে। পুরুষের পাশাপাশি নারীদের কে বিভিন্ন পদে চাকুরী গ্রহণে উৎসাহ প্রদান ও বিভিন্ন ধরনের পেশা গ্রহণের মাধ্যমে উপার্জনের সুযোগ গ্রহণে মহিলাদের কে সহায়তা প্রদান করার ক্ষেত্রে এই কমিটি বিশেষ ভূমিকা রাখতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় ।

**সিদ্ধান্ত ঃ** সমাজের সকল ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণের লক্ষ্যে মহিলা কাউন্সিলগণের নেতৃত্বে নারীদের মধ্যে গণজাগরণের জন্য ব্যাপক প্রচারনা, মহল্লায় মহল্লায় উঠান বৈঠক আয়োজন ও সর্বস্তরের নারী দের সমন্বয়ে বিশাল র‍্যালী আয়োজনের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের মঙ্গল কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

স্মারকনং-জঃপৌঃসঃ/ প্রকৌঃ /২০২৪-২০২৫/২৬৭ তারিখঃ ২২/০৭/২৪ইং

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। প্রশাসক, জয়পুরহাট পৌরসভা ।
২। জনাব/জনাবা.............................................................সদস্য, নারী উন্নয়ন বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা ।
৩। অফিস নথি

(পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী উন্নয়ন বিষয়ক কমিটি সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাব পাপিয়া, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ২২/০৯/২০২৪ ইং।
রোজ ঃ রবিবার
সময় ঃ বেলা- ১২.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | সরকার মোহাম্মদ রায়হান | প্রশাসক<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১),<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়ঃপৌঃসঃ | সদস্য | [signature] |
| ০৪ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারন),<br>ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়ঃপৌঃসঃ | সভাপতি | [signature] |